# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

শাখা নিয়ন্ত্রণ বিভাগ।

www.kb.gov.bd
Email:bcd@kb.gov.bd

বিষয়: কর্মসংস্থান ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ সংক্রান্ত তদারকি কমিটি' এর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/ ২০২৩) প্রতিবেদন।

কর্মসংস্থান ব্যাংকের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ' সংক্রান্ত তদারকি কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় সভা ২০ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। এ ক্ষেত্রে বিগত সভায় কমিটি কর্তৃক যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় তার বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত আলোচনা করা হয়।

এছাড়া, সভায় এ ব্যাংকের বিদ্যমান সিটিজেন চার্টার হতে কতিপয় সেবা দৈবচয়ন ভিত্তিতে নির্ধারণ এবং সিটিজেন চার্টার অনুযায়ী সময়াবদ্ধ সেবা দেওয়া হয়েছে কিনা তা পরীক্ষা করা হয়।

০২। নিম্নবর্ণিত সেবাসমূহ দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয়:

| ক্র: নম্বর | সেবাসমূহের বিবরণ | সেবা প্রদানের সময়সীমা | সেবা গ্রহীতার নাম/ ঋণ হিসাব নম্বর | আবেদনের তারিখ | মঞ্জুরির / বিতরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ঋণ আবেদন নিষ্পত্তি | শাখার মঞ্জুরি ক্ষমতার মধ্যে হলে সর্বোচ্চ ১০দিন। | ১। মোছা: শাহিনুর আক্তার ঋণ হিসাব নম্বর: ১১৭৬<br>২। শাহিদা ঋণ হিসাব নম্বর: ১১৭৮ | ১০.১২.২০২৩<br>১৪.১২.২০২৩ | ১২.১২.২০২৩<br>১৭.১২.২০২৩ | সিটিজেন চার্টার মোতাবেক নির্ধারিত সেবা প্রদানের সঠিকতা পাওয়া যায়। |
| ০২ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) | উপমহাব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের স্কোয়াড, প্রধান কার্যালয়, ঢাকা; ৪৫ দিনের মধ্যে নিষ্পত্তি করবেন। | ১। মোঃ পায়েল ইসলাম মোবা: ০১৭২৪-৪৪৩৩৫৬<br>২। মিতা রানী ধর মোবা: ০১৭১৪-০৫৭১৯০ | ১৯.১১.২০২৩<br>২৩.১১.২০২৩ | ১৩.১২.২০২৩<br>১২.১২.২০২৩ | |
| ০৩ | সা.ভ.ত অগ্রীম মঞ্জুর | ১০ দিনের মধ্যে | ১। মোঃ মহেবুল ইসলাম প্রিন্সিপাল অফিসার সাভত-৮৪২ শৃঙ্খলা ও আপীল বিভাগ<br>২। এস.এম আসাদউজ্জামান অফিসার কে.হি. ও ত. ব্য.বিভাগ | ০৫.১১.২০২৩<br>৬.১১.২০২৩ | ৮.১১.২০২৩<br>৮.১১.২০২৩ | |
| ০৪ | পাসপোর্টের অনুমোদন প্রদান | ০৭দিনের মধ্যে | ১। মোঃ মাহবুবুর রহমান সহকারী অফিসার (সাঃ) সাভত-১২৩৪<br>২। পরিতোষ সরকার সহকারী মহাব্যবস্থাপক সাভত-২৬০ | ১৩.১২.২০২৩<br>২২.১১.২০২৩ | ১৭.১২.২০২৩<br>২২.১১.২০২৩ | |
| ০৫ | বার্ষিক বেতন বৃদ্ধি মঞ্জুর | ১৫ দিনের মধ্যে | ব্যাংকের সিনিয়র অফিসারদের বার্ষিক বেতন বৃদ্ধি। | - | ১১.০৭.২০২৩ | |

চলমান পাতা-০২

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৬ | মোটরসাইকেল অগ্রীম মঞ্জুর | ০৭ দিনের মধ্যে | মোঃ বেলাল হোসেন<br>নিরাপত্তা প্রহরী<br>সা.ভ.ত-১৩৯৬ | ১১.১২.২০২৩ | ১৪.১২.২০২৩ | |
| ০৭ | শিক্ষা/ উচ্চ শিক্ষা গ্রহণ | ০৭দিনের মধ্যে | ১। মোঃ আব্দুর রহিম<br>উপমহাব্যবস্থাপক<br>সা. ভ.ত-০০২৩ | ২৬.১১.২০২৩ | ২৭.১১.২০২৩ | |
| | | | ২। মোঃ হাবিবুল ইসলাম প্রামাণিক<br>অফিসার<br>সা.ভ.ত-০৭১৯ | ৭.১২.২০২৩ | ১০.১২.২০২৩ | |
| ০৮ | বহি: বাংলাদেশ ছুটি | ০১ থেকে ০৯ম গ্রেড এর ক্ষেত্রে মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়ার ০৩দিন এবং অন্যান্য গ্রেডের ক্ষেত্রে সর্বোচ্চ ০৭দিন। | ১। পরিতোষ সরকার<br>সহকারী মহাব্যবস্থাপক<br>সাভত-২৬০ | ১৩.১২.২০২৩ | ১৩.১২.২০২৩ | |
| | | | ২। মোঃ আসাদুজ্জামান<br>সিনিয়র অফিসার<br>সাভত-৯২১ | ২৩.১১.২০২৩ | ২৬.১১.২০২৩ | |

০৩। বিগত ত্রৈমাসিক( জুলাই- সেপ্টেম্বর/২০২৩) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ০১. | ১ম ত্রৈমাসিক (জুলাই- সেপ্টেম্বর/২০২৩) ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরনণপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড এর জন্য আইটি বিভাগে প্রেরণ। | কর্মসংস্থান ব্যাংকের সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী, যোগাযোগের ফোন/মোবাইল নম্বরসহ সকল বিষয় নিয়মিত হালনাগাদ করা হয়। চলতি ত্রৈমাসিকে পরিবীক্ষণ তদারকি কমিটি কর্তৃক হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, চলতি অর্থবছরে বিভাগীয় /জেলা/ উপজেলা কার্যালয়ের সিটিজেন চার্টার পৃথকভাবে ওয়েবসাইটে প্রদর্শনের নির্দেশনার পরিপ্রেক্ষিতে উক্ত সভায় বিস্তারিত আলোচনাক্রমে বিভাগীয় কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এবং শাখার জন্য সিটিজেন চার্টারের নমুনা প্রস্তুত করা হয় যা প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে লিংক আকারে সন্নিবেশ করা হবে। | বাস্তবায়িত | শত ভাগ |
| ০২. | কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সংক্রান্ত ২০২৩-২০২৪ অর্থবছরে ০১টি প্রশিক্ষণ আয়োজনের বিষয় নিয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট বিভাগ অবগত করে যে, এ সংক্রান্ত ০৪(চার)টি প্রশিক্ষণ ২৩.১০.২০২৩ , ২৭.১১.২০২৩, ১০.১২.২০২৩ ও ১৭.১২.২০২৩ তারিখে আয়োজন করা হয়েছে। আরো প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে। | বাস্তবায়িত | |

চলমান পাতা-০৩

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | আভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যে কোনো ব্যক্তি /প্রতিষ্ঠান এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীদের অর্থাৎ অংশীজনদের সমন্বয়ে ২০২৩-২০২৪ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি ত্রৈমাসিকে অংশীজনদের সমন্বয়ে ০১টি সভা আয়োজন করা হয়েছে। আয়োজনের তারিখ: ২১.১০.২০২৩ । | বাস্তবায়িত | |
| ০৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা- পর্যালোচনা করা হয় । | সেবা প্রদান বাস্তবায়ন বিষয়ে বিশদ পর্যালোচনা করা হয়। চলতি ত্রৈমাসিকে ২১.১২.২০২৩ তারিখে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়িত | |

(মনোজ রায় )
উপমহাব্যবস্থাপক
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত তদারকি কমিটি ।

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১৬০.৩২.০০১.২৩-

তারিখ: ২৯ ডিসেম্বর ২০২৩

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্বে) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৩। সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিঃ দাঃ), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
৪। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৫। অফিস নথি।